# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৮৮

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো সকল কাজে ডান থেকে শুরু করা

## ذكر ما للمرء أن يستعمل التيامن فِي أَسْبَابِهِ كُلِّهَا

আরবী

1088 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ وَعُمَرُ بْنُ مُحَمَّدٍ قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى حَدَّثَنَا خَالِدُ بْنُ الْحَارِثِ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا الْأَشْعَثُ بْنُ سُلَيْمٍ قَالَ: سَمِعْتُ أَبِي يُحَدِّثُ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُحِبُّ التَّيَامُنَ مَا اسْتَطَاعَ: فِي طُهُورِهِ وتنعُّله وَتَرَجُّلِهِ قَالَ شُعْبَةُ: ثُمَّ سَمِعْتُ الْأَشْعَثَ بِوَاسِطَ يَقُولُ:
(يُحِبُّ التَّيَامُنَ - وَذَكَرَ شَأْنَهُ كُلَّهُ - ثُمَّ قَالَ: شَهِدْتُهُ بِالْكُوفَةِ يَقُولُ: يُحِبُّ التَّيَامُنَ مَا اسْتَطَاعَ.
الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1088 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১০৮৮. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাধ্যমত ওযূ করা, জুতা পরিধান করা, মাথা আচড়ানো- এসব কাজে ডান থেকে শুরু করতেন।” রাবী বলেন, “তারপর আমি ওয়াসেত নামক জায়গায় আশ‘আসকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “তিনি ডান দিক থেকে শুরু করা পছন্দ করতেন,  -রাবী এখানে সকল গুরুত্বপূর্ণ কাজের কথা বলেছেন- তারপর রাবী বলেন, “আমি তার সাথে কুফাতে সাক্ষাৎ করেছি। তিনি বলেছেন, “তিনি সাধ্যমত ডান দিক থেকে শুরু করা ভালবাসতেন।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৯; নাসাঈ: ১/৭৮; আত তায়ালিসী: ১/১২৭; সহীহ বুখারী: ১৬৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ২১৬; সহীহ মুসলিম: ২৬৮; আবূ দাঊদ: ৪১৪০; সুনান বাইহাকী: ১/২১৬; মুসনাদ আহমাদ: ৬/২১০; তিরমিযী: ৬০৮; ইবনু মাজাহ: ৪০১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৯৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90401

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন